



তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে স্পিকারকে রাখার প্রস্তাব: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বিরোধী দলের সঙ্গে আলোচনার ভিত্তিতে স্পিকারকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান করার প্রস্তাব এসেছে বলে জানিয়েছেন সংবিধান সংশোধন কমিটির সভাপতি ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

শনিবার (২৪ অক্টোবর) জাতীয় সংসদের কেবিনেট কক্ষে সংবিধান সংশোধন কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। বৈঠকে আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞরা অংশ নেন।

সালাউদ্দিন আহমেদ বলেন, বিচার বিভাগকে এ প্রক্রিয়ার বাইরে রেখে বিরোধী দলের সঙ্গে আলোচনার মাধ্যমে স্পিকারকে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান করার প্রস্তাব দিয়েছেন অনেকে।

বিরোধী দল বিএনপিকে তাদের ‘নোট অব ডিসেন্ট’ শিথিল করতে বললে তা বৈঠকে এসে জানাতে হবে উল্লেখ করে তিনি বলেন, সংবিধান সংশোধনের প্রক্রিয়ায় বিরোধী দলের অংশগ্রহণ চায় সরকার।

তিনি আরও বলেন, সংবিধানে ‘সংবিধান সংস্কার পরিষদ’ বলে কিছু নেই। সরকার গণভোটকে স্বীকার করে এবং জনগণের রায়কে সম্মান জানায়। তবে গণভোটে রাখা প্রশ্ন নিয়ে বিতর্ক রয়েছে। ভবিষ্যতে গণভোট হলে তা সংবিধান সংস্কারকেন্দ্রিক হবে।

বৈঠকে জুলাই সনদ বাস্তবায়ন ও সংবিধান সংস্কার নিয়ে আলোচনা হয়। ৭০ অনুচ্ছেদ, মৌলিক অধিকার, স্বাধীন বিচার বিভাগ, তত্ত্বাবধায়ক সরকার, রাষ্ট্রপতির ক্ষমতা এবং সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোতে নিয়োগ পদ্ধতিসহ বিভিন্ন বিষয়ে প্রস্তাব তুলে ধরেন অংশগ্রহণকারীরা।